"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন (৫ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা।
www.bpdb.gov.bd
☏: ০২-২২৩৩৫৪৬১৮

নম্বর-২৭.১১.০০০০.২১০.৮৩.০০২.২৩-৮২

তারিখঃ ৩০ আশ্বিন ১৪৩০ / ১৫ অক্টোবর ২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অধীনে সরকারি আদেশ অনুযায়ী প্রচলিত বেতন স্কেল ও ভাতাদিতে রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত শর্তাধীনে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে Online-এ **http://bpdb.teletalk.com.bd** ওয়েবসাইটে আবেদন আহ্বান করা যাচ্ছেঃ-

| ক্র: নং | পদেন নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | সহকারী পরিচালক (হিসাব/অর্থ/ অডিট/বাণিজ্যিক পরিচালন)<br>টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল/১৫ | ১০(দশ)টি | ক) বি.কম(সম্মান)সহ এম.কম (ফাইনান্স/মার্কেটিং/ম্যানেজমেন্ট/অ্যাকাউন্টিং)<br>অথবা<br>খ) বি.কম (পাস কোর্স) সহ এম.কম (ফাইনান্স/মার্কেটিং/ম্যানেজমেন্ট/ অ্যাকাউন্টিং) (এম.কম এ ১ম শ্রেণি থাকতে হবে)<br>অথবা<br>গ) ফাইনান্স/মার্কেটিং/ম্যানেজমেন্ট/অ্যাকাউন্টিং এ বিবিএ সহ এমবিএ<br>অথবা<br>ঘ) বাণিজ্যে স্নাতক সহ সিএ(ইন্টার)/সিএমএ(ইন্টার)<br>ঙ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নয়।<br>চ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৮(আট) বৎসরের অভিজ্ঞতাসহ বাণিজ্যে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি।<br>ছ) মাইক্রোসফট অফিস সফটওয়ারের উপর কম্পিউটার প্রশিক্ষণ (ব্যবহারিক জ্ঞান) থাকতে হবে। |
| ২। | সহকারী পরিচালক (প্রশাসন)<br>টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল/১৫ | ৫(পাঁচ)টি | (ক) ১ম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণিতে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নয়। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে কমপক্ষে ৮(আট) বৎসর চাকরির অভিজ্ঞতাসহ স্নাতক।<br>(খ) মাইক্রোসফট অফিস সফটওয়ারের উপর কম্পিউটার প্রশিক্ষণ (ব্যবহারিক জ্ঞান) থাকতে হবে। |
| ৩। | সহকারী পরিচালক (নিরাপত্তা ও অনুসন্ধান)<br>টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল/১৫ | ২(দুই)টি | (ক) ১ম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণিতে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নয়। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিম্ন পদে কমপক্ষে ৮(আট) বৎসরের অভিজ্ঞতাসহ স্নাতক।<br>(খ) মাইক্রোসফট অফিস সফটওয়ারের উপর কম্পিউটার প্রশিক্ষণ (ব্যবহারিক জ্ঞান) থাকতে হবে। |
| ৪। | মেডিকেল অফিসার<br>টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল/১৫ | ৬(ছয়)টি | ক) কোন স্বীকৃত মেডিকেল কলেজ হতে এমবিবিএস ডিগ্রি।<br>খ) বিএমডিসি এর হালনাগাদ রেজিস্ট্রেশন থাকতে হবে।<br>গ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নয়।<br>(ঘ) মাইক্রোসফট অফিস সফটওয়ারের উপর কম্পিউটার প্রশিক্ষণ (ব্যবহারিক জ্ঞান) থাকতে হবে। |
| ৫। | রসায়নবিদ<br>টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল/১৫ | ৬(ছয়)টি | (ক) রসায়ন শাস্ত্রে ১ম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণির সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নয়।<br>(খ) মাইক্রোসফট অফিস সফটওয়ারের উপর কম্পিউটার প্রশিক্ষণ (ব্যবহারিক জ্ঞান) থাকতে হবে। |

চলমান পাতা-০২

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল | পদ সংখ্যা | ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|
| ৬। | ক্রয়/ভান্ডার/সিএন্ডএফ কর্মকর্তা<br>টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল/১৫ | ৪(চার)টি | (ক) ১ম শ্রেণিতে স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণিতে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রী। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/ সিজিপিএ এর নিম্নে নয়। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ফিডার পদ অর্থাৎ স্টোর কিপার-সি/জেটি সুপারভাইজার-বি/স্টক ভেরিফায়ার/ কাস্টম ক্লিয়ারিং ইন্সপেক্টর পদে ৩(তিন) বৎসর অভিজ্ঞতাসহ সংশ্লিষ্ট ক্যাডারে ৮(আট) বৎসরের অভিজ্ঞতা এবং স্নাতক ডিগ্রি।<br>(খ) মাইক্রোসফট অফিস সফটওয়ারের উপর কম্পিউটার প্রশিক্ষণ (ব্যবহারিক জ্ঞান) থাকতে হবে। |
| ৭। | সহকারী প্রধান শিক্ষক<br>(ক) টাঃ ২২,০০০ - ৫৩,০৬০/-<br>(৯ম গ্রেড), জাতীয় বেতন স্কেল/১৫ | ২(দুই)টি | (ক) স্নাতক ডিগ্রিসহ সরকার স্বীকৃত প্রশিক্ষণ কেন্দ্র হতে প্রশিক্ষণপ্রাপ্ত (বি.এড) এবং যেকোন মাধ্যমিক বিদ্যালয়ে কমপক্ষে ১২(বারো) বৎসর শিক্ষকতাসহ প্রশাসনিক অভিজ্ঞতা। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নয়। |
| | (খ) টাঃ ১৬,০০০ - ৩৮,৬৪০/-<br>(১০ম গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল/১৫ | | (খ) স্নাতক ডিগ্রি এবং যেকোন মাধ্যমিক বিদ্যালয়ে কমপক্ষে ১০(দশ) বৎসর শিক্ষকতাসহ প্রশাসনিক অভিজ্ঞতা। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নয়। |
| ৮। | হিসাবরক্ষক<br>টাঃ ১৬,০০০-৩৮,৬৪০/-<br>(১০ম গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল/১৫ | ৭(সাত)টি | ক) বাণিজ্যে স্নাতক সহ বাণিজ্যে স্নাতকোত্তর ।<br>খ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নয়।<br>গ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ বাণিজ্যে ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি।<br>ঘ) মাইক্রোসফট অফিস সফটওয়ারের উপর কম্পিউটার প্রশিক্ষণ (ব্যবহারিক জ্ঞান) থাকতে হবে। |
| ৯। | সহকারী নিরাপত্তা কর্মকর্তা/<br>আঞ্চলিক গোয়েন্দা কর্মকর্তা<br>টাঃ ১২,৫০০ - ৩০,২৩০/-<br>(১১তম গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল/১৫ | ২(দুই)টি | (ক) নিরাপত্তা ও অনুসন্ধান সংক্রান্ত কাজে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি। তবে, কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/ সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নয়।<br>(খ) মাইক্রোসফট অফিস সফটওয়ারের উপর কম্পিউটার প্রশিক্ষণ (ব্যবহারিক জ্ঞান) থাকতে হবে। |
| ১০। | সহকারী হিসাব রক্ষক<br>টাঃ ১১,০০০-২৬,৫৯০/-<br>(১৩তম গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল/১৫ | ৩০<br>(ত্রিশ)টি | ক) বাণিজ্যে স্নাতক<br>খ) কোন পরীক্ষাতেই ২য় বিভাগ/শ্রেণি/সমমানের জিপিএ/সিজিপিএ এর নিম্নে নয়।<br>গ) মাইক্রোসফট অফিস সফটওয়ারের উপর কম্পিউটার প্রশিক্ষণ (ব্যবহারিক জ্ঞান) থাকতে হবে। |
| ১১। | উচ্চমান হিসাব সহকারী<br>টা: ১১,০০০-২৬,৫৯০/-<br>(১৩তম গ্রেড)<br>জাতীয় বেতন স্কেল/১৫ | ৭৭<br>(সাতাত্তর)টি | |

বিঃদ্রঃ

(ক) শিক্ষা মন্ত্রণালয়ের ০২-০৩-২০১০ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(খ) শিক্ষা মন্ত্রণালয়ের ০২-০৬-২০০৯ তারিখের প্রজ্ঞাপন মোতাবেক অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| জিপিএ ৩.০০ বা তদুর্ধ্ব | জিপিএ ৩.৭৫ বা তদুর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| জিপিএ ২.২৫ বা তদুর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.৮১৩ বা তদুর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |

চলমান পাতা-০৩

**শর্তাবলীঃ**

১। ক্রমিক নং-১ হতে ৬ এবং ৮ হতে ১১ এ বর্ণিত পদের জন্য বয়সসীমা **১৯-১০-২০২৩** তারিখে **১৮-৩০** বৎসর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে উর্ধ্ব বয়স ৩২(বত্রিশ) বৎসর। ক্রমিক নং-৭ এ বর্ণিত পদের জন্য উর্ধ্ব বয়সসীমা **১৯-১০-২০২৩** তারিখে ৩৭(সাঁইত্রিশ) বৎসর। ক্রমিক নং-১, ২, ৩, ৬ ও ৮ এ বর্ণিত পদের জন্য বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৪০(চল্লিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক আবেদন করতে হবে।

৩। প্রার্থীদের প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে; উক্ত সময়ে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদির মূলকপি ও ০১(এক) সেট সত্যায়িত কপি দাখিল করতে হবে। দাখিলকৃত কাগজপত্রের সঠিকতা যাচাই সাপেক্ষে তাদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি প্রদান করা হবে।

৪। যে সকল প্রার্থী বিদেশ হতে ডিগ্রি অর্জন করেছেন তাদের বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ইকুইভ্যালেন্স সংক্রান্ত যথাযথ প্রত্যয়নপত্র থাকতে হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সকল বিধি-বিধান ও পরবর্তীতে উক্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৬। ক) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র থাকতে হবে। জেলা প্রশাসক ব্যতীত অন্য কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।
খ) প্রতিবন্ধী প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা পর্যায়ের অফিসের উপপরিচালক/সমমর্যাদা সম্পন্ন/দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ থাকতে হবে।
গ) এতিম এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র থাকতে হবে।

৭। ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৮-১০-২০২০ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং দ্বারা জারীকৃত পরিপত্রে বর্ণিত ৩৩(তেত্রিশ) ধরণের প্রমাণক/গেজেটে এর যে কোন একটিতে আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তার নাম থাকতে হবে। উক্ত নামের সাথে আবেদনপত্রে উল্লিখিত বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম এবং ঠিকানা এক ও অভিন্ন হতে হবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশিত/রক্ষিত উপর্যুক্ত প্রমাণক/গেজেটের কোন একটিতেও সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার নাম না থাকলে আবেদনকারী মুক্তিযোদ্ধা কোটায় কোন সুবিধা প্রাপ্য হবেন না।

খ) আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানার সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে।

৮। কোন ক্ষেত্রে কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা দিলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে।

৯। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের কম্পিউটার ব্যবহারিকসহ (প্রযোজ্য ক্ষেত্রে) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১০। লিখিত, কম্পিউটার ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১। নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১২। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি বা সম্পূর্ণ নিয়োগ প্রক্রিয়া সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

১৩। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলীঃ**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bpdb.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: **১৯-১০-২০২৩** সকাল-১০:০০ টা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০২-১১-২০২৩ বিকাল-০৫:০০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) pixel ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রতিলিপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

চলমান পাতা-০৪

ঙ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:**

Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে ক্রমিক নং-১ হতে ৭ এ বর্ণিত পদের পরীক্ষার ফি বাবদ ৬০০/- (ছয়শত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬৯/- (উনসত্তর) টাকাসহ মোট ৬৬৯/- (ছয়শত উনসত্তর) টাকা, ক্রমিক নং-৮ এ বর্ণিত পদের পরীক্ষার ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৫৮/- (আটান্ন) টাকাসহ মোট ৫৫৮/- (পাঁচশত আটান্ন) টাকা, ক্রমিক নং-৯ এ বর্ণিত পদের পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৩৫/- (পঁয়ত্রিশ) টাকাসহ মোট ৩৩৫/- (তিনশত পঁয়ত্রিশ) টাকা এবং ক্রমিক নং-১০ ও ১১ এ বর্ণিত পদের জন্য ২০০/-(দুইশত) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ বাবদ ২৩/-(তেইশ) টাকাসহ মোট ২২৩/- (দুই শত তেইশ) টাকা অনধিক ৭২(বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহিত হবে না"।

**প্রথম SMS: BPDB**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB ABCDEF

Reply: Applicant's Name, **Tk 669/558/335/223** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BPDB<Space>Yes<Space>PIN and send to16222.

**দ্বিতীয় SMS: BPDB**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BPDB YES 12345678

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BPDB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bpdb.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. বিজ্ঞপ্তি সংক্রান্ত বিস্তারিত বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েবসাইট **www.bpdb.gov.bd** এবং **http://bpdb.teletalk.com.bd** অথবা **QR Code** স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল **https:/alljobs.teletalk.com.bd/bpdb** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **www.bpdb.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

জ. **SMS**-এ প্রেরিত **User ID** এবং **Password** ব্যবহার করে পরবর্তীতে রোল, নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্যসংবলিত প্রবেশপত্র প্রার্থী **Download** পূর্বক রঙ্গিন প্রতিলিপি **Print** করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ঝ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত **SMS** পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ **User ID** এবং **Password** পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: **BPDB**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: BPDB Help User ABCDEF & send to 16222.

ii. PIN Number জানা থাকলে: **BPDB**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: BPDB Help PIN 12345678 & send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল থেকে ১২১ এ কল করে জানা যাবে। এছাড়াও, alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ ফেইজবুক মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail অথবা মেসেজ এর Subject-এ Organization Name 'BPDB', Post Name...., Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

১৪/১০/২৫

(কাজী নজরুল ইসলাম)
পরিচালক
কর্মচারী পরিদপ্তর
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।